# জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স

ফিচার্ড কোর্স ★★★★★ কোর্সে অংশগ্রহণকারী জন বাংলা

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

কোর্সটি শুরু করুন




আপনি ইতোমধ্যে কোর্সটিতে যুক্ত আছেন

কোর্সটি শুরু করুন

কোর্স ফি

বিনামূল্যে

কোর্স ক্যাটাগরি

শিক্ষা

কোর্সে যোগদানের সময়

উন্মুক্ত

কোর্স লেভেল

## কোর্সের বিবরণ

প্রিয় অংশগ্রহণকারী,
জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে আপনাকে স্বাগত।
প্রাথমিক পর্যায়ের জন্য প্রণীত জাতীয় শিক্ষাক্রম ২০২১ বিগত ২৩ মার্চ, ২০২২ তারিখে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (NCCC) কর্তৃক অনুমোদিত হয়। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB), জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর ভিত্তিতে জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) প্রণয়ন করেছে। এই রূপরেখা ও তার ভিত্তিতে প্রণীত শিক্ষাক্রম দেশের প্রাথমিক শিক্ষাব্যবস্থায় বেশকিছু গুরুত্বপূর্ণ গুণগত পরিবর্তন আনতে যাচ্ছে।

জাতীয় শিক্ষাক্রম ২০২১ পরিমার্জনের সময় "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG), এনসিটিবি কর্তৃক পরিচালিত সমীক্ষা "পরিস্থিতি বিশ্লেষণ ও কার্যকারিতা (Effectiveness & Situation analysis)" এর প্রতিবেদন এবং বিধৃত "জাতীয় শিক্ষা নীতির আলোকে ১০টি মূল যোগ্যতা নির্ধারণ করা হয়েছে। তাছাড়া এ শিক্ষাক্রমে টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় শিশুকে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিশ্ব নাগরিকতার (Global Citizenship) গুণাবলীর ধারণাসমূহ ও অন্তর্ভুক্তিকরণের (Inclusiveness) ধারণাসমূহ সমন্বিত করা হয়েছে।

কাজেই বিষয়টির গুরুত্ব বিবেচনায় শিক্ষাক্রমের ধারণার ব্যাপক বিস্তরণের জন্য ব্লেন্ডেড পদ্ধতিতে (অনলাইন ও অফলাইন) প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। শিক্ষাক্রম বাস্তবায়নে মূল ভূমিকা পালন করবেন শিক্ষক সমাজ। প্রস্তাবিত শিক্ষাক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়নের পূর্বেই সকল শিক্ষক ও শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ নিশ্চিত করা হবে। এরই ধারাবাহিকতায় প্রথমে অনলাইন কোর্স-এর মাধ্যমে শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করে সার্টিফিকেট পাওয়া সাপেক্ষে অফলাইন প্রশিক্ষণ গ্রহণ করা যাবে। এর মাধ্যমে শিক্ষক সমাজ ও মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ দ্রুততম সময়ে শিক্ষাক্রমের

# অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

১. **জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে** প্রবেশ করতে https://dpe.muktopaath.gov.bd ভিজিট করুন। অথবা সরাসরি https://dpe.muktopaath.gov.bd/course-details/1044 এই লিংকে ভিজিট করে কোর্সে প্রবেশ করুন।

২. কোর্সে প্রবেশ করার পর **'কোর্সটি শুরু করুন'** বাটনে ক্লিক করে কোর্সে নিবন্ধন/লগইন করতে হবে। আপনি যদি ইতোমধ্যে মুক্তপাঠে নিবন্ধিত হয়ে থাকেন তাহলে সরাসরি আপনার মুক্তপাঠ ইউজার আইডি (রেজিস্ট্রেশনে ব্যবহৃত ইমেইল বা ফোন নম্বর) এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।

৩. আপনি যদি পূর্বে মুক্তপাঠে নিবন্ধিত না থাকেন তাহলে এখানে **'রেজিস্ট্রেশন করুন'** বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

৪. রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় আপনার মোবাইল/ইমেইল যে কোন একটি ব্যবহার করা যাবে। মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করলে মোবাইলে একটি OTP আসবে আর ইমেইল ব্যবহার করলে ইমেইলে একটি ভেরিফিকেশন লিংক যাবে। OTP/ ইমেইল ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।

৫. এছাড়াও, এই কোর্সে অংশগ্রহণ বা রেজিস্ট্রেশনের সময় **প্রাথমিকের** শিক্ষক হিসেবে ভেরিফিকেশনের জন্য আপনার **শিক্ষক PIN নম্বর** এবং জন্মতারিখ (সার্টিফিকেট অনুযায়ী) প্রয়োজন হবে। ভেরিফিকেশন ফরমে আপনার শিক্ষা স্তর/পর্যায় ড্রপডাউন মেনুথেকে প্রাথমিক সিলেক্ট করতে হবে। **শিক্ষক PIN নম্বর** ভেরিফিকেশনের ক্ষেত্রে একজন শিক্ষক একটি মাত্র **শিক্ষক PIN নম্বর** ব্যবহার করতে পারবেন। একাধিক একাউন্ট তৈরি বা একই নাম্বার একাধিকবার ব্যবহার করা যাবে না।

৬. মুক্তপাঠে রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট করার সময় আপনার সার্টিফিকেটের নামটি সঠিকভাবে লিখতে হবে। আপনার আইডি থেকে একবার সার্টিফিকেট তৈরি হওয়ার পর সার্টিফিকেটের নাম পরিবর্তন করা যাবে না।

৭. এই কোর্সে মোট ৬টি মডিউল ও প্রত্যেকটি মডিউলের অভ্যন্তরে ৩-৫টি পাঠ/লেসন রয়েছে। প্রতিটি পাঠে রয়েছে নির্ধারিত বিষয়বস্তু যেমন: পূর্ব অভিজ্ঞতা প্রশ্নমালা, ভিডিও কনটেন্ট, পাঠ সহায়িকা (পিডিএফ), স্ব-মূল্যায়ন (কুইজ), মতামত ও আলোচনা। প্রত্যেকটি পাঠ/লেসনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণের মাধ্যমে পাঠটি সম্পন্ন হবে এবং ডান পাশে সবুজ টিকমার্ক দেখা যাবে। পাঠ সম্পন্ন না হলে বা টিকমার্ক দেখা না গেলে নির্দেশনা খেয়াল করুন।

৮. প্রত্যেকটি পাঠ ধাপে ধাপে সম্পন্ন করে কোর্সটি সম্পন্ন করতে হবে, একটি পাঠ সম্পন্ন না করে পরের পাঠে যাওয়া যাবে না। সকল পাঠ (১০০%) সম্পন্ন করলে আপনি সার্টিফিকেট আবেদন করতে পারবেন।

৯. এই কোর্সের সকল ভিডিও নির্দেশিকা কনটেন্ট, পাঠসহায়িকা, কুইজ ইত্যাদি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, এনসিটিবি এবং ইউরোপীয় ইউনিয়নের মাধ্যমে নির্মিত। বিনা অনুমতিতে কোর্সের কোন ভিডিও, পাঠসহায়িকা, কুইজের প্রশ্নোত্তর সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক/ইউটিউব) বা অন্য কোন মাধ্যমে শেয়ার করা নিষিদ্ধ। কোনো ব্যবহারকারী এরূপ কর্মকাণ্ডে জড়িত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. মুক্তপাঠ টিমের সাথে যোগাযোগ (বিস্তারিত কোর্স পাতায় রয়েছে):

- ✓ ইমেইল: info@muktopaath.gov.bd
- ✓ ফেসবুক পেইজ: www.facebook.com/muktopaath.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা -১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং – ৩৮.০১.০০০০.৬০০.০২.০০২.২৩-৬০ তারিখ: ০৬/০২/২০২৩ খ্রি :

বিষয়: জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের প্রাথমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১-এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। শিক্ষাক্রম বাস্তবায়নের নিমিত্ত প্রাথমিক স্তরের সকল শিক্ষকের জন্য জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর) এর বিস্তরণ বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে।

এরই পরিপ্রেক্ষিতে, সরকারি, বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ও এবতেদায়ি মাদ্রাসার সকল শিক্ষককে আগামী ০৩ ফেব্রুয়ারি ২০২৩ থেকে ০৩ মার্চ ২০২৩-এর মধ্যে ই-লার্নিং প্ল্যাটফর্ম মুক্তপাঠ (dpe.muktopaath.gov.bd) এ যুক্ত হয়ে শিক্ষকগণের ব্যক্তিগত PIN আইডি ব্যবহার করে অনলাইন প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদন রয়েছে।

ড. উত্তম কুমার দাশ
পরিচালক (প্রশিক্ষণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

সংযুক্তি
১) অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশিকা
২) ব্যক্তিগত পিন আইডি

বিতরণ:
১) উপপরিচালক,ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজসশাহী/রংপুর/চট্টগ্রাম
২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
৩) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল): বর্ণিত প্রশিক্ষণ সম্পন্ন করণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধসহ

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) সুপারিন্টেনডেন্ট ,পিটিআই (সকল)
৫) ইন্সট্রাক্টর, ইউআরসি/ টিআরসি (সকল)